

খেলাভাঙা

কালের ছেলে, ধুলো ঝেঁরে, তুলে নে কোলে,
ফেলিস নে মা, ধুলো-কাদা মেখেছি বলে।
সারা দিনটে ক'রে খেলা, ফিরেছি মা সাঁঝের বেলা
(আমার) খেলার সাথী, যে যার মত, গিয়েছে চলে।
কত আঘাত লেগেছে গায় কত কাঁটা ফুটেছে পায়,
(কত) প'ড়ে গেছি, গেছে সবাই, চরণে দলে।
কেউ তো আর চাইলে না ফিরে, নিশার আধার
এলো ঘিরে,
(তখন) মনে হ'লো মায়ের কথা, নয়নের জলে!